দৈনিক
ইনকিলাব

তারিখ 02 OCT 2002
পৃষ্ঠা ... কলাম ...

# বরিশালে বিএনপির দ্বিধাদ্বন্দ্বে ছাত্রদল বিভক্ত ❑ খুলনায় অবস্থান সুদৃঢ় হলেও মূল দলের হস্তক্ষেপই সমস্যা

মুহাম্মদ যাকারিয়া ॥ দেশের দক্ষিণাঞ্চল বরিশাল বিভাগে জাতীয়তাবাদী ছাত্রদল স্থানীয় বিএনপির দ্বিধা-দ্বন্দ্বে বিভক্ত। বিভাগের কয়েকটি জেলায় ছাত্রদলের সাংগঠনিক অবস্থা শক্তিশালী হলেও বিএনপির গ্রুপিং ছাত্রদলে নেতিবাচক প্রভাব ফেলছে। অপরদিকে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চল খুলনা বিভাগে ছাত্রদলের সাংগঠনিক অবস্থান সুদৃঢ় হলেও স্থানীয় বিএনপির অতিরিক্ত হস্তক্ষেপ ছাত্রদলের কার্যক্রমে বিঘ্ন ঘটাচ্ছে। বিভাগের কয়েকটি জেলায় ছাত্রদল মূল দ্বারা নিয়ন্ত্রিত। দু'টি বিভাগেই ছাত্রদলের অধিকাংশ নেতাই অছাত্র ও বিবাহিত। থেকে সরে যেতে আগ্রহী। তবে তারা চান সম্মানজনক বিদায় এবং রাজনৈতিক ও অর্থনৈতিক প্রতিষ্ঠা। জেলা কমিটিগুলো মেয়াদোত্তীর্ণ। অনেক জেলা-থানায় অন্তর্কোন্দলে সাংগঠনিক কর্মকাণ্ডে বিরাজ করছে স্থবিরতা। দেশব্যাপী তৃণমূল পর্যায়ে

ছাত্রদলকে ঢেলে সাজানোর লক্ষ্যে বিভাগে বিভাগে প্রেরিত ছাত্রদলের কেন্দ্রীয় প্রতিনিধি টীমের সাংগঠনিক সফর শেষে সংশ্লিষ্ট বিভিন্ন সূত্র থেকে বরিশাল ও খুলনা বিভাগের এ চিত্র পাওয়া গেছে।

গত ১৭ সেপ্টেম্বর থেকে বিএনপির এক নম্বর যুগ্ম সম্পাদক মহাসচিব তারেক ... সার্বিক তত্ত্বাবধানে ৬টি বিভাগে এ সফর শুরু হয়। সারাদেশে ছাত্রদলকে সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করার লক্ষ্যে এ উদ্যোগকে সকলেই স্বাগত জানিয়েছে প্রতিটি জেলায় ছাত্রদলের এ সফ অভুতপূর্ব সাড়া ফেলেছে। নেতা-কর্মীদে মাঝে সৃষ্টি হয়েছে প্রাণচাঞ্চল্য ও নতু উদ্যোম। কেটে উঠছে দীর্ঘদিনের স্থবিরতা

নেতা-কর্মীরা দোবী করেছের এ ধরনে সফর যাতে নিয়মিত হয় এবং কেন্দ্রী নেতারা মাঝে মাঝে তাদের খোঁজখব নেন। জেলায় জেলায় সফর শেষে কেন্দ্রী টীম তাদের রিপোর্ট পেশ করবে তারে রহমানের নিকট। প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে

১৪-এর পৃঃ ২-এর কঃ দেখুন